

107



রাকসু নির্বাচনঃ সংঘর্ষে ৫ জন ছাত্র আহত

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতার টেলিফোন : ছাত্র সংগ্রাম
পরিষদভুক্ত দুইটি নির্বাচনী মোর্চার
মধ্যে গতকাল (শনিবার) এক সংঘর্ষে

৫ জন ছাত্র আহত হইয়াছে।
বেলা ১১টা নাগাদ বাংলাদেশ
ছাত্রলীগ (সু-র) ও জাতীয় ছাত্রলীগ
সমন্বয়ে গঠিত একটি নির্বাচনী
মোর্চার প্রচার মিছিল বাহির হয়।
এ সময় বাংলাদেশ ছাত্র মৈত্রী,
বাংলাদেশ ছাত্রলীগ (সু-না), বাংলা-
দেশ ছাত্র ইউনিয়ন, বাংলা-
দেশ ছাত্রলীগ (বাসদ) ও ছাত্র ঐক্য
সমিতি এই পাঁচটি ছাত্র সংগঠনের
(শেষ পৃ: ২-এর ক: ড্র:)

রাকসু নির্বাচন

(১ম পৃ: পর)

সমন্বয়ে গঠিত নির্বাচনী মোর্চার
অপর একটি মিছিল বিপরীত দিক
হইতে আসিতেছিল। মিছিল দুইটি
মুখোমুখি হইলে ধাওয়া ও পালটা
ধাওয়া শুরু হয়। এ সময় একটি
গুলীর শব্দ শোনা যায় এবং ছাত্র-
ছাত্রীরা ভীত-সন্ত্রস্ত হইয়া ছুটাছুটি
শুরু করে। আহতদের প্রাথমিক
চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয়।
সংঘর্ষকালে ছাত্রলীগ (সু-র) সহ-
সাধারণ সম্পাদক মাহফুজুর রহমানের
একটি সোনার চেন ছিনতাই হয়
বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

সন্ধ্যায় দুই দলীয় ছাত্র মোর্চার
পক্ষ হইতে এক সাংবাদিক সম্মেলনে
গতকালের সংঘর্ষের জন্য ৫ দলীয়
ছাত্র মোর্চাকে দায়ী করিয়া বলা হয়
যে, তাহাদের হাতে কয়েকজন ছাত্রীও
লাঞ্ছিত হইয়াছে। তাহারা বাংলা-
দেশ ছাত্র মৈত্রী ও বাংলাদেশ
ছাত্রলীগের (সু-না) নাম উল্লেখ
করিয়া অভিযোগ করে যে, এই
দুইটি সংগঠন ছাত্র সংগঠন ছাত্র
সংগ্রাম পরিষদের নীতিমালা ভঙ্গ
করিয়া নিজেদের মধ্য হইতে
নির্বাচনী প্যানেল ঘোষণা করি-
য়াছে। তাহাদের একওয়েমি
মনোভাবের জন্য ছাত্র সংগ্রাম
পরিষদের যৌথ প্যানেল দেওয়া
সম্ভব হয় নাই।

অপরপক্ষে ছাত্র সংগ্রাম
পরিষদভুক্ত ৫ দলীয় নির্বাচনী
মোর্চা এক বিবৃতিতে গতকালের
ঘটনার তাহাদের ক্ষতিত থাকার
কথা অস্বীকার করিয়াছে। তাহারা
উল্লেখ করে যে, রাকসু নির্বা-
চনকে কেন্দ্র করিয়া ছাত্র সংগ্রাম
পরিষদ বিধাবিভক্ত হইলেও কিন্তু
বৃহত্তর আন্দোলনের ক্ষেত্রে তাহা-
দের ঐক্যবদ্ধ কর্মসূচী থাকিবে।

বাংলাদেশ ছাত্রদল রাজশাহী
বিশ্ববিদ্যালয় শাখা ও বাংলাদেশ
ইসলামী ছাত্র শিবির পৃথক পৃথক
সাংবাদিক সম্মেলনে এই ঘটনার
তীব্র নিন্দা জানাইয়াছে এবং
তদন্ত সাপেক্ষে দায়ী ছাত্রদের
বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী
শাস্তি প্রদানের দাবী জানায়।